

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী

১.২ ৬.২

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্প্রসারণ বিভাগের অফিস পরিদর্শন প্রতিবেদন

গত ১০-১২-২০২০ তারিখ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্প্রসারণ বিভাগের বিভাগীয় অফিস কক্ষ পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় জনাব মোঃ মাহবুবুর রহমান, প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী, রাজশাহী, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহীসহ সম্প্রসারণ বিভাগের অন্যান্য কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন।

জনবল সংক্রান্ত তথ্যাদি:

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবি	মতব্য
১.	জনাব মোঃ মাহবুবুর রহমান	প্রধান সম্প্রসারণ কর্মকর্তা	
২.	জনাব মোঃ সিরাজুর রহমান	উপপ্রধান সম্প্রসারণ কর্মকর্তা	
৩.	জনাব মোঃ আতিকুর রহমান	উপপরিচালক (চ: দা:)	
৪.	জনাব মোঃ নাসির উদ্দীন	সহকারী পরিচালক (মনিটরিং)	
৫.	জনাব মমতাজ মন্স	গবেষণা কর্মকর্তা (ল্যাব:)	
৬.	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান	সহকারী পরিচালক	
৭.	জনাব শওকত হোসেন	স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর	
৮.	জনাব কাওসার পারভীন	উচ্চমান সহকারী (চ: দা:)	
৯.	জনাব জামপুর রাম্মাক	উচ্চমান সহকারী (চ: দা:)	
১০.	জনাব হোসেনয়ারা	দক্ষ রিলার	
১১.	জনাব মোঃ সুবুজ মিয়া	অফিস সহায়ক	

রেজিস্ট্রার সংক্রান্ত তথ্যাদি:

**মাষ্টার রেজিস্ট্রার:** মাষ্টার রেজিস্ট্রারটি প্রত্যয়নযুক্ত; যা ০৯-০৫-২০১৩ তারিখে খোলা হয়েছে। এতে ৭৮ টি রেজিস্ট্রার তালিকাভুক্ত রয়েছে। সর্বশেষ ০১-০৮-২০২০ তারিখে মোসাঃ শামীমা খাতুন, অনিয়মিত প্রমিক, রংপুর প্রকল্প এর হাজিরা রেজিস্ট্রারটি অধ্যর্ভুক্ত করা হয়েছে।

**কর্মকর্তাদের হাজিরা রেজিস্ট্রার:** কর্মকর্তাদের হাজিরা রেজিস্ট্রার পরীক্ষা করা হলো। রেজিস্ট্রারে নৈমিত্তিক ছুটির হিসাব দেখানো রয়েছে। শূন্য, শনি ও অন্যান্য ছুটির দিন মার্কিং করা আছে।

**কর্মচারীদের হাজিরা রেজিস্ট্রার:** কর্মচারীদের হাজিরা রেজিস্ট্রার পরীক্ষা করা হলো। রেজিস্ট্রারে নৈমিত্তিক ছুটির হিসাব সাইডে দেখানো রয়েছে এবং তদারকী কর্মকর্তার স্বাক্ষর রয়েছে।

**পত্র গ্রহণ ও পত্র বিতরণ রেজিস্ট্রার:** পত্র গ্রহণ ও পত্র বিতরণ রেজিস্ট্রার দু'টি হালনাগাদ পাওয়া গেল। চলতি অর্থ বছরে এ পর্যন্ত ৩৫৯ টি কার্যকরী পত্র এবং ২৩৪ টি অনুলিপি সহ সর্বমোট ৫৯৩ টি পত্র গ্রহণ এবং ১২০ টি পত্র বিতরণ করা হয়েছে। অনিষ্পন্ন পত্রগুলো যুক্ত নিষ্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হলো।

**ই-ফাইলিং:** এ বিভাগে ই-ফাইলিং কার্যক্রম চলমান রয়েছে। ই-ফাইলিং কার্যক্রম আরো গতিশীল করার জন্য এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীকে বলা হলো। চলতি অর্থ বছরে এ পর্যন্ত ৭৮ টি নথি নিষ্পন্ন হয়েছে।

(চলমান পাতা- ২)

কম্পিউটার ব্যবহার সংক্রান্ত: এ বিভাগের সকল কর্মকর্তা কর্মচারীর অফিস কক্ষ পরিদর্শন করা হলো এবং কম্পিউটার কক্ষে একটি অব্যবহৃত (নষ্ট) কম্পিউটার রয়েছে। নিম্নস্বাক্ষরকারী রংপুর প্রকল্প হতে একটি কম্পিউটার পাওয়ায় নিম্নস্বাক্ষরকারীর ব্যবহৃত কম্পিউটারটি জনাব মোঃ নাসিরউদ্দীন, সহকারী পরিচালক (মনিটরিং), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী'কে ঐ অফিস কক্ষে ব্যবহারের জন্য সরবরাহ দেয়া হয়েছে।

নথি পরীক্ষা: দৈনন্দিন ভিত্তিতে এ বিভাগের সম্প্রসারণ শাখার ০৩ টি ড্রাফ্টের ০৬ টি নথি এবং নার্সারী বিভাগের ০৩ টি ড্রাফ্টের ০৩ টি নথি পরীক্ষা করা হ'ল। এ বিভাগের সকল নথিতে ডিজিটাল নম্বর দেওয়া হয়েছে। নথিগুলো পরীক্ষা করে দেখা যায় কোন কোন নথিতে পত্রাংশ নম্বর হালনাগাদ করা নেই। পত্র আন্ডার স্ক্রিপ্টে শুধু আন্ডার নম্বর ও তারিখ দেওয়া হয়েছে কিন্তু পত্র পৃষ্ঠা নম্বর দেওয়া হয়নি। এ বিভাগের নথিগুলো আলমারীতে/র্যাকে ধারাবাহিকভাবে সাজানো অবস্থায় দেখা গেল।

দিক নির্দেশনা: জনাব মোঃ মাহবুবুর রহমান, উপপ্রধান সম্প্রসারণ কর্মকর্তা, ডিএসডিবি, রাজশাহী এর নেতৃত্বে আগামী ২০-১২-২০২০ তারিখের মধ্যে নথিগুলো হালনাগাদ করার জন্য এবং কম্পিউটার কক্ষের নষ্ট কম্পিউটারটি মেরামত করে ব্যবহারের উপযোগি করার জন্য নির্দেশ দেয়া হলো।

সার্বিক মন্তব্য: এ বিভাগে কাজের তালিউম অনেক বেশি থাকার চিহ্নিতপত্রগুলো পুরোপুরি সঠিকভাবে উপস্থাপন হয়না মর্মে প্রতীয়মান হলো। কর্মকর্তা/কর্মচারীদের বসার জায়গাও অপ্রকৃত, ফলে কাজের পরিবেশ বিঘ্নিত হচ্ছে। সম্প্রসারণ ও নার্সারী শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের কার্যক্রম আরো নিবিড়ভাবে মনিটরিং ও তত্ত্বাবধান করার জন্য বলা হলো।

(মোহাম্মদ এসদাউল হাযী)  
পরিচালক (সম্প্রসারণ)  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী

তারিখ: ১০-১২-২০২০ খি:

স্মারক নং-২৪.০৬.০০০০.০০৩.০১.০৩.১৩-২০৫

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে

- ১। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ✓ ২। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৩। উপপ্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৪। উপপরিচালক, সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৫। সহকারী পরিচালক, সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৬। পি, এ টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

পরিচালক (সম্প্রসারণ)  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী